

বঙ্গভবন ০৫ সেপ্টেম্বর ২০২২:

বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের নবনিযুক্ত বিচারপতিগণ আজ সন্ধ্যায় বঙ্গভবনে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সাথে সাক্ষাৎ করেন।

নবনিযুক্ত বিচারপতিগণ হলেন বিচারপতি মোহাম্মদ শওকত উল্লাহ চৌধুরী, বিচারপতি মোঃ আতাবুল্লাহ, বিচারপতি বিশ্বজিৎ দেবনাথ, বিচারপতি মোঃ আমিনুল ইসলাম, বিচারপতি মোঃ আলী রেজা, বিচারপতি মোঃ বজলুর রহমান, বিচারপতি কে এম ইমরুল কায়েশ, বিচারপতি ফাহিমদা কাদের, বিচারপতি মোঃ বশির উল্লাহ, বিচারপতি এস এম মাসুদ হোসেন দোলন এবং বিচারপতি এ কে এম রবিউল হাসান।

রাষ্ট্রপতির প্রেস সচিব মোঃ জয়নাল আবেদীন ব্রিফিংয়ে জানান, হাইকোর্ট বিভাগের নতুন বিচারপতিদের অভিনন্দন জানিয়ে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ আশা করেন জনগণ যাতে দ্রুত ন্যায় বিচার পায় সেজন্য নতুন বিচারপতিগণ তাদের মেধা ও অভিজ্ঞতাকে কাজে লাগাবেন। বিচার বিভাগের প্রতি জনগণের প্রত্যাশা অনেক উল্লেখ করে রাষ্ট্রপতি জনপ্রত্যাশা পূরণে বিচার কার্যক্রমে আধুনিক প্রযুক্তির ব্যবহার বাড়ানোর উপর জোর দেন।

রাষ্ট্রপতির সচিবগণ এ সময় উপস্থিত ছিলেন।